A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

tobacconomics
Economic Research Informing Tobacco Control Policy

কোম্পানি বার্তা
আগস্ট ২০২৩
আন্তর্জাতিক

Industry Brief

Global

# তামাক কর ন্যায্যতা বাড়ায়ঃ বিশ্বব্যাপী প্রমাণিত

August 2023

**যুক্তরাষ্ট্রের শিকাগোতে অবস্থিত ইলিনয় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিষয়ক একটি গবেষণা কর্মসূচি, টোব্যাকোনমিক্স এর গবেষণা থেকে জানা যায় যে, ন্যায্যতা স্থাপনে তামাক কর একটি কার্যকর পন্থা, কারণ এর মাধ্যমে তামাক ব্যবহার হ্রাস পায়, বিশেষ করে নিম্ন আয়ের মানুষের মধ্যে।**

বিশ্বব্যাপী এখন প্রমাণিত: গত পাঁচ বছর এশিয়া, লাতিন আমেরিকা এবং দক্ষিণ-পুর্ব ইউরোপজুড়ে চলা গবেষণা এবং পূর্বাভাস থেকে প্রতীয়মান হয় যে, তামাক কর তামাক ব্যবহারের কারণে সৃষ্ট বৈষম্য কমাতে এবং অবৈধ বাণিজ্য উল্লেখযোগ্য হারে বাড়তে না দিয়েও ন্যায্যতা প্রতিষ্ঠায় সহায়ক হতে পারে।


## ১। তামাকের ব্যবহার বিদ্যমান অসাম্যের অবনতি ঘটায়।

সাধারণত উচ্চ আয়কারীদের তুলনায় স্বল্প আয়ের মানুষ সুস্বাস্থ্য এবং অর্থনৈতিক নিরাপত্তার ক্ষেত্রে অধিকতর প্রতিবন্ধকতার সম্মুখীন হয়ে থাকে। তামাকের ব্যবহার রোগ এবং আর্থিক অনটন তৈরির মাধ্যমে বিদ্যমান বৈষম্যের অবনতি ঘটায়। এই বৈষম্যকে চিরস্থায়ী রূপ দিতে তামাক কোম্পানি একটি বড় ভূমিকা পালন করে। তারা তাদের বিষাক্ত পণ্য একক শলাকা হিসেবে বিক্রির মাধ্যমে স্বল্প আয়ের মানুষের কাছে সুলভ এবং সহজলভ্য করে তোলে। তারা তামাকের কর বৃদ্ধিরও বিরোধিতা করে থাকে, যা তরুণ ও স্বল্প আয়ের মানুষসহ মূল্য সচেতন ভোক্তাদের মাঝে তামাকের ব্যবহার কমাতে কার্যকরী হিসেবে প্রমাণিত ।

- **তামাকের জন্য ব্যয় পরিবারগুলোকে দারিদ্র্যের দিকে ঠেলে দেয় বা দারিদ্র্যকে আরও ভয়ানক করে তোলে।** বিদ্যমান সীমিত আয় তামাক ব্যবহারের কারণে আরও কমে যাওয়ায় “দারিদ্র্যের কষাঘাত” এর শিকার হওয়ার দৃষ্টান্ত আলবেনিয়া, মেক্সিকো এবং ভিয়েতনামে দেখা গেছে, তামাক ও তামাকজাত রোগের চিকিৎসা খরচ লোকজনকে দারিদ্র্যের মুখোমুখি দাঁড় করাচ্ছে এবং ব্যবহারযোগ্য আয় হ্রাস করে তাদের দারিদ্যসীমার নিচে ঠেলে দিচ্ছে।

- **তামাকের ব্যবহার মৌলিক চাহিদার জন্য ব্যয়ের উপর প্রভাব বিস্তার করে (অর্থনীতিতে এটি “ক্রাউডিং আউট” নামে পরিচিত) বিশেষ করে স্বল্প আয় এবং সীমিত ব্যয়সীমার পরিবারগুলোতে:** গবেষকেরা ইন্দোনেশিয়া, পাকিস্তান (২০২০, ২০২১), মেক্সিকো, মন্টেনেগ্রো, সার্বিয়া এবং ভিয়েতনামে দেখতে পেয়েছেন যে, পরিবারে স্বাস্থ্যকর খাবার, বাসস্থান এবং চিকিৎসার মত মৌলিক চাহিদাসমূহের খাত থেকে সরে গিয়ে তামাকের পেছনে পরিবারের ব্যয় বাড়ছে।

- **ধূমপায়ী পরিবারের শিশুদের অপুষ্টিতে ভোগা ও খর্বাকৃতি হওয়ার সম্ভাবনা বেশি:** ইন্দোনেশিয়ায় গবেষকেরা দেখেছেন, সিগারেটের পিছনে ক্রমশ বাড়তি ব্যয় শিশুদের উচ্চতা ও ওজন কমার সাথে সম্পর্কিত হতে পারে, বিশেষ করে নিম্ন আয়ের ও গ্রামীণ পরিবারগুলোতে।



## ২। তামাক কর প্রগতিশীল এবং ন্যায্যতা সহায়ক:

তামাক ব্যবহার হ্রাস এবং স্বাস্থ্য ও অর্থনৈতিক খাতে ন্যায্যতার জন্য অন্যতম কার্যকরী উপায় হচ্ছে তামাক কর । তামাক করের মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরোক্ষ প্রভাবের কথা বিবেচনা করলে দেখা যায়, স্বল্প আয়ের মানুষেরা অর্থনৈতিকভাবে বেশি উপকৃত হন- যাদেরকে তামাক কোম্পানি তাদের আসক্তিকর ও ক্ষতিকর পণ্যের লক্ষ্য করেছে । তামাক করের মাধ্যমে যখন তামাকের দাম উল্লেখযোগ্যভাবে বাড়ে, অন্যান্য আয়শ্রেণির তুলনায় নিম্ন আয়কারীদের তামাকের ব্যবহার কমানো বা একেবারেই ছেড়ে দেয়ার সম্ভাবনা বেশি, যা বাংলাদেশ, পাকিস্তান, পেরু এবং ভিয়েতনামে পর্যবেক্ষণে দেখা গেছে। ফলে:

- **উচ্চ আয়ের মানুষের তুলনায় স্বল্প আয়ের মানুষ করের বোঝা কমাতে বেশি সচেষ্ট।** আলবেনিয়া, বসনিয়া ও হারজেগোভিনা, কসোভো, মেক্সিকো, মন্টেনেগ্রো এবং সার্বিয়ার তথ্য থেকে জানা যায় যে, যেহেতু নিম্ন আয়ের তামাকসেবীরা উচ্চ তামাক করের কারণে তামাক ব্যবহার উল্লেখযোগ্য হারে কমিয়ে আনে, তারা সার্বিক তামাক করের ক্ষুদ্র একটা অংশ বহন করে। মজার ব্যাপার হল, নর্থ মেসিডোনিয়াতে গবেষকেরা ধারণা করছেন, নিম্ন আয়ের তামাকসেবীরা তামাক করের বৃদ্ধির ফলে তামাক ব্যবহার কমাবে, যদিও করের বোঝা মধ্যবিত্ত পরিবারগুলোর কম হবে। সকল ক্ষেত্রেই দেখা যায়, উচ্চ করের বোঝা উচ্চ আয়ের ধূমপায়ীদের ওপর স্থানান্তরিত হয়।

- **স্বল্প আয়ের মানুষের তামাক সৃষ্ট রোগ কম হবে ও চিকিৎসা খরচ কমবে, এবং তাদের  জীবিকা নির্বাহের সময়কাল ও নীট আয় বাড়বে।** আলবেনিয়া থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী, তামাক কর বৃদ্ধির কারণে যেসকল অকাল মৃত্যু ঠেকানো যায় তার বেশিরভাগই নিম্ন আয়ের তামাকসেবীদের মধ্যে। আর্জেন্টিনা, ব্রাজিল, মেক্সিকো, মন্টেনেগ্রো এবং পেরু হতে ধারণা পাওয়া যায় যে, তামাক ব্যবহার কমিয়ে ব্যয় কমানোর মাধ্যমে তামাক সংশ্লিষ্ট চিকিৎসা ব্যয় কমে আসা এবং কর্মক্ষম থাকার বয়সকাল বাড়ার কারণে নীট আয় বৃদ্ধি পায়। তাছাড়া ইন্দোনেশিয়া, পাকিস্তান (২০২০, ২০২১) এবং সার্বিয়াতে দেখা যায়, তামাকের পেছনে ব্যয় কমলে বাসস্থান, খাদ্য ও শিক্ষার মত নিত্যপ্রয়োজনীয় চাহিদা মেটাতে মানুষ বেশি অর্থ খরচ করার সুযোগ পাবে । সাধারণত, স্বল্প ও দীর্ঘমেয়াদে তাদের এবং তাদের সন্তানের আয় বৃদ্ধিতে এর পরোক্ষ প্রভাব দেখা যায়।

- **উচ্চহারের কর রাজস্ব সমাজে ইতিবাচক প্রভাব ফেলে এবং দারিদ্র্য কমায়।** মেক্সিকো (২০১৯, ২০২০) থেকে প্রাপ্ত প্রতিবেদনে গবেষকেরা মত দিয়েছেন যে, তামাক কর দারিদ্র্য বিমোচনমূলক কর্মকাণ্ডে অর্থ যোগাতে পারে। উদাহরণস্বরূপ, ফিলিপাইনে, তামাক ও মদের ওপর আরোপিত “সিন ট্যাক্স” থেকে প্রাপ্ত রাজস্বের একটা উল্লেখযোগ্য অংশ স্বল্প আয়ের ফিলিপিনোদের স্বাস্থ্য সেবায় ব্যয় হয়। তাছাড়া তামাকের ওপর অধিক কর আলবেনিয়া, আর্জেন্টিনা, ব্রাজিল এবং মেক্সিকোতে তরুণদের তামাক সেবন দেরিতে শুরু করার প্রবণতা দেখা যায়, যা তরুণ প্রজন্মকে দারিদ্র্যের প্রভাব, তামাক সংশ্লিষ্ট চিকিৎসা খরচ এবং অসুস্থতার কারণে আয়ুস্কাল কমে যাওয়া থেকে সুরক্ষা দেয়।

## ৩। তামাক কর অবৈধ বাণিজ্যেকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধিকরে না।

তামাক কোম্পানিগুলো যুক্তি প্রদর্শন করে যে, তামাকের কর বৃদ্ধির কারণে দাম বাড়লে তামাক চোরাচালান বৃদ্ধি পাবে। এই আশঙ্কা অতিমাত্রায় যৌক্তিক মনে হতে পারেঃ অবৈধ বাণিজ্য বাড়লে তা নিম্ন আয়ের মানুষ, বিশেষ করে তরুণদের জন্য ক্ষতিকর হবে, কেননা এটা তামাককে আরও সহজলভ্য এবং সুলভ হবে। তবে, গবেষণা এই ধারণাকে সমর্থন করে না যে, উচ্চ করের কারণে অবৈধ বাণিজ্য বেড়ে যাবে।

- **উচ্চ তামাক মূল্য নিম্ন আয়ের তামাকসেবীদের অবৈধ তামাকের দিকে নিয়ে যাবে না।** ব্রাজিলে, বৈধ তামাকের মূল্য বৃদ্ধির কারণে তামাকসেবীরা অবৈধ তামাক সেবন শুরু করে এমনটা দেখা যায়নি। ভিয়েতনামে প্রস্তাবিত কর কাঠামোর এক বিশ্লেষণে গবেষকেরা দেখেছেন সবচাইতে বেশি করও অবৈধ বাণিজ্য বাড়ায় না।

- **তামাকের ব্যবহার কমাবে এমন বেশ কয়েকটি তামাক নিয়ন্ত্রণ ব্যবস্থার বিরুদ্ধে তামাক কোম্পানি অবৈধ বাণিজ্য বেড়ে যাওয়ার আশঙ্কাকে যুক্তি হিসেবে দাঁড় করায়।** তামাক কোম্পানি নিজেদের মুনাফার সুরক্ষায় তামাক ব্যবহার কমাবে এমন নিয়ন্ত্রণ ব্যবস্থার বিরুদ্ধে অবস্থান নেয়। অবৈধ বাণিজ্য বেড়ে যাওয়ার বিষয়টি তুলে ধরে তামাক কোম্পানি স্ট্যান্ডার্ড প্যাকেজিং এবং তামাক বিক্রয় নিষেধাজ্ঞার বিরুদ্ধে অবস্থান নেয়, যেমনটা ২০২০ সালের শুরুতে দেখা গেছে দক্ষিণ আফ্রিকায়। এ ঘটনায় অবৈধ বাণিজ্য বাড়েনি, বরং নতুন কর রাজস্ব লাভ ও জনস্বাস্থ্যের উন্নতি এর নেতিবাচক প্রভাবের চাইতে অনেক বেশি।

**আরও তথ্য**

তামাক কর, তামাক ব্যবহারের ওপর এর প্রভাব এবং এ ব্যাপারে তামাক কোম্পানির বক্তব্য সম্পর্কে নীচের তথ্যাবলী হতে আরও জানুন:

- Research on Tax and Price (Tobacconomics)
- The Price We Pay: Six Industry Pricing Strategies That Undermine Life-Saving Tobacco Taxes (STOP)
- Price & Tax (TobaccoTactics)
- Guidelines for Implementation of Article 6, the WHO Framework Convention on Tobacco Control article relating to tobacco taxes (World Health Organization)

### STOP (Stopping Tobacco Organizations and Products) সম্পর্কে

STOP হলো তামাক কোম্পানি পর্যবেক্ষণকারী একটি বৈশ্বিক সংস্থা, এর মূল লক্ষ্য হচ্ছে তামাক কোম্পানির কৌশল উন্মোচন যা জনস্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করে। একাডেমিক ও জনস্বাস্থ্য সংস্থার সমন্বয়ে গঠিত একটি নেটওয়ার্ক STOP, তামাক কোম্পানির ব্যাপারে গবেষণা ও নজরদারি করে, তাদের কৌশল মোকাবেলায় সহায়ক তথ্য সরবরাহ করে এবং বিশ্ববাসীর কাছে এদের অপকর্ম তুলে ধরে। তামাক ব্যবহার হ্রাসে বৈশ্বিক পর্যায়ে ব্লুমবার্গ ফিলানথ্রপিস (Bloomberg Philanthropies) এর গৃহীত কর্মসূচি STOP এর অর্থায়ন করছে । আরও তথ্যের জন্য, exposetobacco.org দেখুন.

### Tobacconomics সম্পর্কে

টোব্যাকোনোমিক্স (Tobacconomics) হল শীর্ষস্থানীয় একাধিক গবেষকের সম্মিলিত উদ্যোগ যারা প্রায় ৩০ বছর যাবত তামাক নিয়ন্ত্রণ নীতির অর্থনীতির ওপর গবেষণা করছেন। তামাকের ব্যবহার কমিয়ে আনা ও আমাদের অর্থনীতির ওপর এর প্রভাব কমাতে কোনটি কার্যকর আর কোনটি কার্যকর নয়, সে সম্পর্কে সর্বশেষ ও সেরা গবেষণার যোগান দিয়ে এই দলটি গবেষক, সংগঠক এবং নীতিনির্ধারকদের নিরলসভাবে সাহায্য করে চলেছেন। শিকাগোর ইলিনয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগ টোব্যাকোনোমিক্স কোন তামাক উৎপাদনকারীর সাথে সংশ্লিষ্ট নয়।

আরও তথ্যের জন্য, exposetobacco.org. দেখুন